COVID-19 VACCINATION

LET’S DO THIS – Bengali

NSW GOVERNMENT

৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য COVID-19-এর টিকা

এখনই বুক করুন

৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের COVID-19-এর টিকা দেয়া উচিৎ কেন?

COVID-19 একটি ভাইরাস যা মারাত্মক অসুস্থতা অথবা মৃত্যু ঘটাতে পারে, এছাড়াও দীর্ঘ-মেয়াদী শারীরিক সমস্যা তৈরী করতে পারে। এটি খুব সহজে মানুষের মাঝে ছড়িয়ে পড়ে এবং কখনও কখনও কোন উপসর্গ থাকে না, যার ফলে ভাইরাসটি অন্য লোকের কাছে ছড়িয়ে দেয়ার আগে আপনার জন্য বুঝে উঠা দুরূহ যে আপনি সংক্রমিত।

যদিও শিশুদের মাঝে COVID-19 এর সংক্রমনের মাত্রা বড়দের তুলনায় কম, তারপরেও শিশুদেরকে টিকাদানের পক্ষে অনেক দৃঢ় কারন সমূহ রয়েছে, যেমনঃ

- টিকা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে সাহায্য করে। শিশুদেরকে টিকাদানের মাধ্যমে আপনি তাদেরকে COVID-19 থেকে সৃষ্ট মারাত্মক অসুস্থতা এবং সম্ভাব্য দীর্ঘ-মেয়াদী শারীরিক সমস্যা থেকে প্রতিরোধ করতে পারেন।
- এছাড়াও ভাইরাসের ছড়ানোর মাত্রা হ্রাসের মাধ্যমে টিকাদান বন্ধু-বান্ধব, পরিবার-পরিজন এবং সমাজ ও এর অন্তর্ভুক্ত সকল বয়সী ঝুঁকিপূর্ণ মানুষকে রক্ষা করে।
- টিকাদান শিশুদেরকে স্কুলে এবং সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে সাহায্য করে। এই সামাজিক কর্মকাণ্ডগুলো শিশুদের শিক্ষাগ্রহণ এবং বেড়ে উঠার জন্য গুরুত্বপূর্ণ।

বিশ্বজুড়ে লক্ষ্ লক্ষ শিশুদেরকে ইতিমধ্যে নিরাপত্তার সাথে COVID-19 এর টিকাদান করা হয়েছে। প্রমাণ পাওয়া গেছে যে টিকাদান COVID-19 থেকে সৃষ্ট মারাত্মক অসুস্থতা থেকে শিশুদেরকে চমৎকারভাবে প্রতিরোধ করে, এছাড়াও এই টিকাদান আপনার পরিবারকে নিরাপদ এবং ভাল রাখতে সাহায্য করে।

শিশুরা কি বড়দের মত একই ধরনের টিকা পাবে?

না। ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য বিশেষ ধরনের অনুমোদিত টিকা (বা ভাক্সিন) হল Pfizer (Comirnaty) শিশু ভাক্সিন, যা ৮ সপ্তাহের ব্যবধানে দুটি ডোজ দেয়া হয়।

১২ বছর বয়সী এবং এর ঊর্ধ্বদের যে ভাক্সিন দেয়া হয় তার এক-তৃতীয়াংশ Pfizer ভাক্সিনের ডোজ দেয়া হয় ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদেরকে। অল্প মাত্রার ডোজ এই বয়সের শিশুদেরকে দেয়া হয় কারন এতে করে তারা ১২ বছর বয়সী এবং এর ঊর্ধ্বদের মতই সমমানের উচ্চ মাত্রার প্রতিরক্ষা অর্জন করতে পারে।

বড়দের মত শিশুদেরও কি একই ধরনের পার্শ্ব-প্রতিক্রিয়া হয়?

হ্যাঁ। COVID-19 টিকা নেয়ার পর বড়দের মতন শিশুদেরও সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়া হতে পারে।

এই পার্শ্ব-প্রতিক্রিয়াগুলো সাধারনত মৃদু মাত্রার হয় এবং এক দুই দিনের মধ্যেই চলে যায়। এগুলো হতে পারে যেমনঃ

- মাথা ব্যথা
- জ্বর এবং শীত শীত ভাব
- অবসান্ত / ক্লান্ত ভাব
- মাংসপেশীতে ব্যথা এবং বাহুর যেখানে টিকা দেয়া হয়েছে সেই স্থানটি শক্ত হয়ে ফুলে গেছে

অল্প মাত্রার পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা দেওয়া স্বাভাবিক এবং এগুলো এটাই দেখায় যে শরীরের রোগ প্রতিরোধ সিস্টেম টিকার প্রতি ইতিবাচক সাড়া দিচ্ছে। টিকার ফলে মারাত্মক ধরণের পার্শ্ব-প্রতিক্রিয়া হওয়াটা খুবই বিরল, এবং এগুলো ঐ ধরণের উচ্চ মাত্রার পার্শ্ব-প্রতিক্রিয়া যেগুলো COVID-19 এ আক্রান্ত হলে দেখা দেয়। যদি পার্শ্ব-প্রতিক্রিয়াগুলো চলতেই থাকে অথবা আপনি উদ্বিগ্ন হন তাহলে আপনার জিপির সাথে কথা বলুন।

© NSW Ministry of Health December 2021

মারাত্মক পার্শ্ব-প্রতিক্রিয়ার ঝুঁকি বলতে কি এটাই বুঝায় যে আমার সন্তানের টিকা দেয়া উচিৎ হবে না?

না। অস্ট্রেলিয়াতে ব্যবহৃত সকল COVID-19 টিকাগুলা নিরাপদ। টিকাগুলো অনুমোদন এবং ব্যবহারের পরামর্শ পাওয়ার আগে থেরাপিউটিক গুডস এডমিনিসট্রেশন (TGA) এবং অস্ট্রেলিয়ান টেকনিক্যাল এডভাইসরি গ্রূপ অন ইমুইনাইজেশন (ATAGI) দ্বারা ব্যাপকভাবে পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই-বাছাই করা হয়েছে।

আজ অবধি ৫ থেকে ১১ বছর বয়সী ৫০ লক্ষের অধিক শিশু আমেরিকাতে এবং লক্ষ লক্ষ শিশু বিশ্ব-জুড়ে নিরাপদভাবে COVID-19 এর টিকা নিয়েছে।

COVID-19 এর টিকা কি আমার সন্তানের বৃদ্ধি, বিকাশ অথবা প্রজনন স্বাস্থ্যের উপর প্রভাব ফেলবে?

না। শিশুর বৃদ্ধি এবং বিকাশের উপর COVID-19 এর টিকা প্রভাব ফেলে - এমন ধরণের কোন প্রমাণ নেই।

COVID-19 এর দীর্ঘ-মেয়াদী প্রভাব মানুষের স্বাস্থ্য ও তার কল্যাণের উপর দীর্ঘস্থায়ী হতে পারে। ভাইরাসে আক্রান্ত হলে যেসকল জটিলতার ঝুঁকি রয়েছে সেগুলোর মাত্রা টিকার সাধারন মৃদু পার্শ্ব-প্রতিক্রিয়ার থেকে বেশ তীব্র।

আমার সন্তানের কি টিকা নেয়া উচিৎ হবে যদি সে ইতিমধ্যেই COVID-19 এ আক্রান্ত হয়ে থাকে?

হ্যাঁ। COVID-19 এ আক্রান্ত শিশুরা সুস্থ হওয়ার পর তাদের টিকা নেয়া উচিৎ। এর ফলে তারা পরবর্তী সংক্রমণের হাত থেকে প্রতিরক্ষা পাবে।

আমার অনুমতি ছাড়া কি আমার সন্তান টিকা নিতে পারবে?

না। ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য COVID-19-এর টিকা নেয়ার ক্ষেত্রে তাদের পিতামাতা অথবা আইনত অভিভাবকের অনুমতি প্রয়োজন।

টিকার বুকিং এবং গ্রহণের সময় অনুমতির প্রয়োজন হবে। টিকা গ্রহণের সময় যদি পিতামাতা অথবা অভিভাবক শিশুর সাথে উপস্থিত থাকতে না পারেন, তাহলে বুকিং-কালে অনলাইনে অনুমতি দেয়ার সময় তারা অন্য একজন বয়স্ক ব্যক্তিকে নির্বাচন করতে পারবেন যিনি শিশুর সাথে টিকা গ্রহণের সময় উপস্থিত থাকবেন।

টিকা গ্রহণের দিনে শিশুর সাথে যিনি থাকবেন ঐ নির্বাচিত ব্যক্তির তথ্য বুকিং-এর সময় অবশ্যই দিতে হবে যাতে করে তার পরিচয় চিহ্নিত করা যায় এবং তিনি যে স্থলাভিষিক্ত অনুমতি দিতে সক্ষম সেই ব্যাপারে যাচাই-বাছাই করা যায়।

অনুমতির প্রসঙ্গে আরও তথ্যের জন্য দেখুনঃ Vaccination consent FAQs for parents and guardians (টিকার অনুমতির ব্যাপারে প্রায়শই জিজ্ঞেস করা হয় এমন প্রশ্নসমূহ - পিতামাতা এবং অভিভাবকদের জন্য)।

COVID-19-এর টিকা নেয়া কি শিশুদের জন্য বাধ্যতামূলক (যেমন স্কুলে যাওয়া এবং খেলাধুলা ইত্যাদি করতে)?

না। COVID-19-এর টিকা নেয়া বাধ্যতামূলক নয়, তবে নেয়ার জন্য জোরালোভাবে উৎসাহ দেয়া হয়।

স্কুলে যাওয়া অথবা সামাজিক খেলাধুলাতে অংশগ্রহনের জন্য শিশুদেরকে COVID-19-এর টিকা নেয়ার প্রয়োজন নেই।

আমার সন্তান কি বুস্টার টিকা নিতে পারবে?

না। প্রাথমিক ভাবে টিকার যে ডোজ দেয়া হয় তা শিশুদের মধ্যে দৃঢ় মাত্রার রোগ প্রতিরোধক ব্যবস্থা তৈরী করে।

ATAGI ভেবে দেখবে যে ভবিষ্যতে এই বয়সী শিশুদের মধ্যে বুস্টার টিকা দিতে হবে কি না।

শিশুদেরকে কি স্কুলে COVID-19-এর টিকা দেয়া হবে?

না। আপনার সন্তানের COVID-19 এর টিকার জন্য বুকিং করুন এই জায়গাগুলোতেঃ আপনার জিপি, স্থানীয় ফার্মেসী, এবোরিজিনাল কমিউনিটি কন্ট্রোল হেলথ সার্ভিস অথবা একটি নিউ সাউথ ওয়েলস হেলথ ভাক্সিনেশন ক্লিনিক।

আমি কিভাবে বুকিং করব?

শিশুর টিকা গ্রহণের জন্য যত তাড়াতাড়ি সম্ভব বুকিং করার জন্য পিতামাতাকে উৎসাহ প্রদান করা হয়।

অনলাইনে বুকিং করুন – www.nsw.gov.au/COVID-19/vaccination/get-vaccinated

বুকিং করার জন্য কল করুনঃ বুকিং হেল্প লাইনঃ 1800 57 11 55 / দোভাষী সার্ভিস (TIS): 131 450

© NSW Ministry of Health December 2021